2-12.67

2000Rs.




Fee Paid

amended in 1964

23

A = 304.50
B = 2.40
311.90

Alipur, 24 Parganas
11.3.78

Rathindra Nath Sanyal

S.D.O.
4/12/?
Sadar
U.S. 26 of
Act of 1976

৩২,০০০৲ বত্রিশ হাজার টাকা মূল্যের বিক্রয় কোবালা ।

| কোবালা গ্রহীতা ঃ— | কোবালা দাতা ঃ— |
| --- | --- |
| শ্রী সুজিত কুমার বসু<br>পিতা ৺ সুধীর কুমার বসু<br>জাতি হিন্দু, পেশা ব্যবসায়,<br>সাং ৯১৯ গাজী—সাহেব তলা<br>রোড, থানা — বেহালা,<br>কলিকাতা ৬১, জেলা ২৪পরগণা । | শ্রী রথিন্দ্র নাথ সান্যাল<br>পিতা ৺ সুধীর রঞ্জন সান্যাল<br>জাতি হিন্দু, পেশা চাকুরী,<br>সাং ১০৯।৩২ হাজরা রোড,<br>থানা ভবানীপুর, কলিকাতা ২৬<br>জেলা ২৪ পরগণা । |

কস্য নিম্ন তপশীল বর্ণিত দখলি সত্ত্ব বিশিষ্ট রায়তী সম্পত্তি

500Rs.

INDIA NON JUDICIAL

৫00रु. Rs 500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES



Rathindra Nath Sengupta

বাস্ত জমি মায় তদুপরিস্থিত অ-সম্পূর্ণ-পাকা একতল এবং এস্বেবেটস্ ছাউনী যুক্ত আংশিক দ্বিতল বাটী মায় আওলাতাদি দরবস্ত হক হকুক এবং সর্বব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে - জেলা ২৪ পরগণা সবরেজেস্ট্রী আলিপুর থানা বেহালা মৌজা দক্ষিন বেহালার মধ্যে গত জেলা জরীপের ১২৪ নম্বর খতিয়ানে ও ৩৪৬ নং দাগে লিপিবদ্ধ রায়তী স্থিতিবান স্বত্বের ডাঙ্গা জমি বেহালা নিবাসী শ্রী জয়ৎসেন ঘোষ ও শ্রী রণৎ সেন ঘোষ দিগের সাবেক প্রজা নারায়ণ চন্দ্র বন্দোপাধ্যায়ের নামে গত ডিস্ট্রিক্ট সেটেলমেন্টের - কোর্ফা স্বত্বে রেকর্ড হয়। উক্ত নারায়ণ চন্দ্র বন্দোপাধ্যায় খাজনার টাকা বাকী ফেলায় স্ব ইচছায় বিগত ইং ১৯৩৫ সালের ৪ঠা এপ্রিল তারিখে - উপরোক্ত দক্ষিন- বেহালা মৌজার ১২৪ নং খতিয়ানের ৩৪৬ নং দাগের

100 Rs.

INDIA NON JUDICIAL

१००रु.

Rs 100


भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES



Rathindra Nath Sen(?)

বাস্তু ডাঙ্গা জমি এককেতা ইস্তফা পত্র দলিল মূলে উক্ত শ্রী জয়ৎ সেন ঘোষ ও শ্রী রনৎ সেন ঘোষ দিগরের নামে বরাবর রেজেষ্ট্রী করিয়া দিয়া দখল ছাড়িয়া দিয়া উহাদের অনুকূলে খাস দখল ছাড়িয়া দেন। উক্ত দলিল - বেহালা সাবরেজেষ্ট্রী অফিসের বিগত ইং ১৯৩৫ সালের ১নং বহির ১৫নং ভল্যুমে ৪০ ও ৪১ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ৬৬১ নং দলিল রূপে উল্লিখিত আছে। উক্ত শ্রী জয়ৎ সেন ঘোষ ও শ্রী রণৎ সেন ঘোষ উপরোক্ত সম্পত্তির দখল প্রাপ্ত হইয়া উহাতে একত্রে তুল্যাংশে নির্বিঘ্নে স্বত্ববান ও দখলকার হয়েন ও থাকেন। উক্ত সম্পত্তি সাবেক খতিয়ানের পরিবর্তে হাল ৬০০ ও ৬০৩ নং খতিয়ানে এবং হাল ৩৪৬ নং দাগ হিসাবে উক্ত শ্রী জয়ৎ সেন ঘোষ দিগরের নামে রেকর্ড হইয়াছে।




Rathindra Nath Sanyal



উক্ত শ্রী জয়ৎ সেন ঘোষ ও শ্রী রনৎ সেন ঘোষ দিগর যৌথ ভাবে উক্ত সম্পত্তি ভোগবান ও দখলকার থাকিয়া উহার মধ্যে কিছু জমি বিক্রয় করেন এবং বক্রী সম্পত্তির মধ্য হইতে উপরোক্ত দক্ষিন বেহালা মৌজার হাল ৬০০ ও ৬০৩ নং খতিয়ানের অনুর্গত ৩৪৬ নং দাগের মধ্যে /৪॥/৮ চারি কাঠা নয় ছ টাক আট স্কোয়ার ফিট বাস্ত জমি মায় কমন প্যাসেজে - যাতায়াত ও অন্যান্য ইজমেন্ট স্বত্ব বিক্রয় করিবার ঘোষণা করিলে আমি কোবালা দাতা উক্ত সম্পত্তি নিজ অর্থে ও স্বার্থে বিগত সন ১৯৫৯ সালের ১১ ই আগষ্ট তারিখে এককেতা রেজেষ্টীকৃত কোবালা দলিল মূলে খরিদ করিয়া এবং স্থানীয় মিউনিসিপ্যালিটীতে নাম পত্তন করিয়া উহাতে খরিদা সূত্রে স্বত্ববান ও মালিক দখলকার থাকি ও আছি । উক্ত দলিল আলিপুর সাব- রেজেষ্টী আফিসের ১নং বহির ১৩২ নং ভল্যুমের ৫৩ হইতে ৬২ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৫৯ সালের ৭৩০৫ নং দলিল রূপে উল্লিখিত হইয়াছে । আমি আমার খরিদা সম্পত্তির কিয়দ অংশের উপর মিউনিসিপ্যালিটী কর্তৃক স্যাংসন্ড প্ল্যান অনুযায়ী গৃহাদি নির্মান কার্য সন ১৯৬০ সালে আরম্ভ করি

প্রকার চুক্তি করি নাই বা ঐ সম্বন্ধে কোন বায়না গ্রহণ করি নাই । এবং

7 Rs

INDIA

सात रुपया

सात रुपया

SEVEN RUPEES भारत SEVEN RUPEES



Rathindra Nath Sanyal

এবং ছোট একতল পাকা গৃহাদি ও এ্যাসবেসটস ছাউনী যুক্ত আংশিক দ্বিতল ইমারত আদি নির্মান কার্য্য করিয়াছি এবং উহা সম্পূর্ণ রূপে তৈয়ারী-করিতে এখনও বেশ কিছু কার্য্য বাকী আছে। এক্ষনে নানাবিধ বৈধ-কারনে কোবালা দাতা আমার নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমি নিম্ন তপশীল বর্ণিত এবং অত্র সহ সংলগ্ন নকসায় লাল রংয়ের বর্ডার দ্বারা রঞ্জিত চিহ্নিত ও সীমাঙ্কিত /৪॥/৮ চারি কাঠা নয় ছটাক আট স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত অসম্পূর্ণ ইমারতাদি ও উক্ত জমির দক্ষিণ পার্শ্বে ১২´ বার ফিট প্রস্থ কমনপ্যাসেজে ও পূর্ব্ব পার্শ্বে ১৬´ ষোল ফিট প্রস্থ কমন প্যাসেজে চলাচলের, আলো, জল, টেলিফোন ও ড্রেণ কানেকসান লইবার ও সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পত্তি বর্ত্তমান বাজার যাচিত সর্ব্বোচ্চ বাজার দর মূল্য বেলমোক্তা ৩২,০০০, বত্রিশ হাজার টাকা পণে বিক্রয়ের ঘোষণা করিলে বর্ত্তমান কোবালা গ্রহীতা আপনি উক্ত পণে উক্ত সম্পত্তি খরিদ করিবার প্রস্তাব করিলে আমি আপনার

[প্রকার চুক্তি কার নাই বা এ সম্বন্ধে কোন বায়না গ্রহণ করা নাই। তবে]






উক্ত প্রস্তাবে সম্মত ও স্বীকৃত হইয়া পণ বাহায় মুল্যের অন্দরে বায়না -
বাবদ মোট ৩২০১,তিন হাজার দুইশত এক টাকা আপনার নিকট হইতে
নগদ গ্রহন করিয়া আপনার নাম বরাবর বিগত ১৬।৫।৭৭ তারিখে এককেতা
বায়নাপত্র দলিল সহি সম্পাদন করিয়া দিয়াছি । আপনি ক্রয়াভিলাষী
থাকায় আপনাকে ইতিপূর্বেবই বিক্রিত সম্পত্তিতে দখলকার থাকিয়া ব্যবসা
পরিচালনা করিবার অনুমতি দিয়াছি ।ইহার পর আমি কমপিটেন্ট অথরিটি
আণ্ডার ওয়েস্ট বেঙ্গল আরবান ল্যাণ্ড সিলিং এণ্ড রেগুলেসন এক্ট ১৯৭৬
মহাশয়ের নিকট উক্ত সম্পত্তি বিক্রয় করিবার অনুমতি পাইবার জন্য গত
৪।৭।৭৭ তারিখে দরখাস্ত দাখিল করি এবং উক্ত কমপিটেন্ট অথরিটি উক্ত
সম্পত্তি বিক্রয় করিতে নিষেধ করিয়া কোন রূপ পত্র বা নির্দ্দেশ আমাকে
দেন নাই. এবং উহা বিক্রয় করিবার আমার পূর্ণ ক্ষমতা আছে ।এক্ষনে আপনার
নিকট হইতে পণের বেবাক ২৮,৭৯৯,আটাশ হাজার সাত শত নিরানবুই টাকা
সম্পূর্ণ রূপে [illegible] নগদ ও চেক গ্রহনে এবং এতদ্বারা তাহা প্রাপ্তি স্বীকারে নিম্ন

প্রকার চুক্তি কায় নাই বা ঐ সম্পর্কে কোন বায়না গ্রহ...

Rathindra Nath Sengupta

তপশীল বর্ণিত উপরোক্ত /৪॥/৮ চারি কাঠা নয় ছটাক আট স্কোয়ার ফিট বাস্ত জমি মায় তদুপরিস্থিত অসম্পূর্ণ ইমারতাদি সহ উহার পূর্ব্ব বর্ণিত ইজমেন্ট সুত্বাদি অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে আপনাকে বিক্রয় - করিলাম এবং উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব দখল অধিকার হক হকিয়ৎ ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে ধ্বংস ও লোপ প্রাপ্ত হইয়া উহা আপনাতে বর্ত্তাইল। আপনি অদ্য হইতে তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তিতে - আমার স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া উক্ত সম্পত্তি দান, বিক্রয় ও সর্ব্ব প্রকার হস্তান্তর রূপান্তর ও অবস্থান্তর করনের ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি - ওয়ারিসান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নিজ নিব্যূঢ় স্বত্বে চিরকালের জন্য ভোগদখল করিতে পারিবেন। তাহাতে আমি বা আমার পুত্র পৌত্রাদি ওয়ারিসান বা স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিব না বা করিতে পারিবে না এবং করিলেও তাহা সর্ব্বাদালতে সর্ব্বথা বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কোন প্রকার - হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহার উপর আদালত হইতে কোন প্রকার ক্রোক বা নিলাম হয় নাই বা কোন নিষেধাজ্ঞা জারী নাই বা উহার - উপর কোন দায় নাই বা উহা কোন দেব সেবায় অর্পিত হয় নাই বা কোন নাবালকের সম্পত্তি নহে। উহা অপর কাহারও জামিনের দায়ে আবদ্ধ বা - আটক নাই। উহা কোন গভর্ণমেন্ট বা কোন কোম্পানী কর্ত্তৃক এ্যাকুইজিসান বা রিকুইজিসান হয় নাই উহা অপর কাহাকেও বিক্রয় করিবার জন্য কোন প্রকার চুক্তি করি নাই বা ঐ সম্বন্ধে কোন বায়না গ্রহণ করি নাই। উহা

Rathindra Nath Sen

বিক্রয় করিবার আমার উত্তম বিক্রয় যোগ্য স্বত্ব বলবৎ আছে। উহা সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে এবং তদ অবস্থায় উহা - আপনাকে বিক্রয় করিয়া এবং উহার যাবতীয় স্বত্ব দখল আপনার অনুকূলে - পরিত্যাগ করিয়া চিরতরে উহার সর্ববপ্রকার স্বত্ব দখল হইতে বঞ্চিত হইলাম।

আমার মোট জমির পরিমান বর্তমান ল্যাণ্ড সিলিং সীমার মধ্যে রহিয়াছে এবং তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি ভিন্ন আমার আর কোন সম্পত্তি নাই। যদি উপরোক্ত উক্তিগুলির বিপরীত কিছু প্রকাশিত হয় এবং তজ্জন্য স্বত্বের কোন ব্যাঘাত ঘটে এবং তজ্জন্য আপনি ক্ষতিগ্রস্ত হন তাহা হইলে আমি ক্ষতি পূরণ দিতে বাধ্য থাকিব। অত্র কোবালা দলিল বলে আপনি মালিক সেরেস্তায়, মিউনিসিপ্যালিটীতে ও অন্যান্য আবশ্যকীয় স্থানে আমার নামের পরিবর্তে নিজ নাম পত্তন পূর্ববক নির্দ্ধারিত খাজনা ট্যাকসাদি আদায় দিতে থাকিবেন। ওই প্রকার নাম পত্তনের জন্য যদ্যপি আমার কোন সাহায্যের প্রয়োজন হয় তাহা হইলে আপনার তলব মতে আপনার খরচায় তাহা করিয়া দিতে বাধ্য থাকিলাম। যদি ভবিষ্যতে এই দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি আপনার খরচায় বিনা পণ গ্রহনে বেওজরে আবশ্যকীয় ভ্রম সংশোধনের দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে ওয়ারিসানগণক্রমে বাধ্য রহিলাম এবং যদি বিক্রিত সম্পত্তিতে আপনার স্বত্ব বা দখল দৃঢ়তর - করিবার জন্য বা অন্য কোন কারনের জন্য আরো কোন নুতন দলিল বা রেজেষ্ট্রী করিবার প্রয়োজন হয় তাহাও আপনার খরচায় আমি মায় ওয়ারিসান গণক্রমে করিয়া দিতে বাধ্য রহিলাম। আমি অদ্য তারিখে আপনাকে আমার খরিদা কোবালা দলিল খানি দিলাম।

Rathindra Nath Sanyal

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় - সজ্ঞানে অত্র কোবালা দলিলের লিখিত মর্ম্ম ভাব সম্যক অবগত হইয়া এবং পণের সম্পূর্ণ টাকা প্রাপ্ত হইয়া ও প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেষ্টৃী করিয়া দিলাম। ইতি সন ১৩৮৪ সালের ২৭ শে ফাল্গুণ - ইংরাজী সন ১৯৭৮ সালের ১১ ই মার্চ্চ।

তপশীল -

বিক্রীত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি ঃ-

জেলা ২৪ পরগণা, সাবরেজেষ্টৃী বেহালা ও আলিপুরের অনুর্গত থানা বেহালা পরগণা বালিয়া সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর এলাকা ভুক্ত রেঃসাঃ নং ৮১ জে এল নং ১৬ তৌজি নং ৩৫১ মৌজা দক্ষিন বেহালার মধ্যে গত জেলা জরীপের ১২৪ একশত চব্বিশ নম্বর খতিয়ানের অনুর্গত ৩৪৬ তিনশত ছেচল্লিশ নম্বর দাগের অংশ যাহা হাল রিভিসন্যাল সেটেলমেন্টের ঐ মৌজার ৬০০ ছয়শত ও ৬০৩ ছয়শত তিন নম্বর খতিয়ান ভুক্ত ৩৪৬ তিনশত ছেচল্লিশ নম্বর দাগের অংশ চিহ্নিত মাপ সুরত - /৪॥/৮ চারি কাঠা নয় ছটাক আট স্কোয়ার ফিট দখলি স্বত্ত্ব বিশিষ্ট রায়তী সম্পত্তি বাস্তু জমি অত্রসহ যুক্ত নকসায় লাল রংয়ের সীমা রেখায় বেষ্টিত করিয়া দর্শান হইল সায় তদুপরিস্থিত অসম্পূর্ণ পাকা একতল ও এসবেসটস ছাউনী যুক্ত আংশিক দ্বিতল ইমারতাদি তাহা সায় আওলাতাদি সায় উক্ত জমির পূর্ব্ব পার্শ্বে ১৬' ফুট কমন প্যাসেজে ও দক্ষিন পার্শ্বে ১২' ফুট কমনপ্যাসেজের উপর অবাধ চলাচলের স্বত্ত্ব সায় ইলেকট্রিক জলের পাইপ নিকাশী ড্রেন লইবার স্বত্ত্ব সায় যাবতীয় ইজমেন্ট স্বত্ত্ব দরবস্ত হক হকুক অত্র বিক্রিত সম্পত্তি হইতেছে। অত্র সম্পত্তির কাত বার্ষিক হারাহারি - খাজনা ১.১২ পয়সা জমা যাহা বর্ত্তমানে মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে

Rathindra Nath Sanyal

জেলা ২৪ পরগণা কালেকটার বাহাদুর সরকারে আদায় দিতে হয়। বিক্রীত সম্পত্তি সরশুনা মেন রোডের $\frac{২১১}{২০০}$ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি হইতেছে। উহার চৌহদ্দি ঃ-

উত্তর ঃ জয়কৃষ্ণ ঘোষ দিগরের জমি ও পুকুর।
পূর্ব্ব ঃ ১৬´ ষোল ফুট কমনপ্যাসেজ,
দক্ষিন ঃ ১২´ বার ফুট কমনপ্যাসেজ,
পশ্চিম ঃ কার্ত্তিক চন্দ্র পাল দিগরের জমি ও বাটী।

টাকার জায় -

| | |
|---|---|
| ১৭।৫।৭৭ তারিখে বায়না বাবদ গৃহীত | ৩২০১, |
| পুনরায় ১১।১০।৭৭ তারিখে গৃহীত | ১০০০০.০০ |
| ১।১২।৭৭ ,, ,, | ৪৫০০.০০ |
| ১৪।১।৭৮ ,, ,, | ২৮০০.০০ |
| ২৪।১।৭৮ ,, ,, | ১৫০০.০০ |
| অদ্য তারিখে নগদ - | ২১০০.০০ |
| চেক মূলে লওয়া - চেক নং SSN/024470 ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সারশুনা ব্রাঞ্চ | ৭৮৯৯.০০ |
| মোট | ৩২০০০.০০ |

মঃ বত্রিশ হাজার টাকা মাত্র।

Rathindra Nath Sanyal.

ইসাদী ঃ-

Sakti Ranjan Chatterjee
41/10, Sarsoona Main Road
Calcutta - 61.

Amal Kumar Ghosh
41/2, Sarsuna Main Road
Calcutta - 61

টাইপ কারক
[illegible]
আলিপুর জজকোর্ট।